

অত্র মৎস্য বীজ উৎপাদন খামারটি সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার সখিপুর ইউনিয়নের সাতক্ষীরা কালিগঞ্জ-শ্যামনগর মহাসড়কের পূর্বপার্শ্বে সখিপুর মোড় নামক স্থানে অবস্থিত। মৎস্য চাষীদের মাঝে চাষযোগ্য বিভিন্ন প্রজাতির উন্নতমানের রেনু ও পোনা সরবরাহের উদ্দেশ্যে খামারটি প্রতিষ্ঠিত হয়।

খামারটির মোট আয়তন ২.৫৭৪ হেক্টর (৬.৩৬ একর), পুকুরের সংখ্যা ০৫ (পাঁচ) টি এবং জলায়তন ০.৮২ হেক্টর। এ খামারটি ১৮/০৩/১৯৯৭ খ্রিঃ থেকে ১৮/০৩/২০১২ খ্রিঃ পর্যন্ত বেসরকারী খাতে লীজ দেয়া ছিল। বিগত ১৯/০৩/২০১২ খ্রিঃ হতে পুনরায় খামারটি রাজস্ব খাতে ফিরে আসে।

বর্তমানে খামারটির অবকাঠামোগত অবস্থা খুবই নাজুক। খামারটির চারিদিকের সীমানা প্রাচীর প্রায় সম্পূর্ণরূপে ভেঙে গেছে। ফলে খামারটিতে টাউট বাটপার ও দুষ্কৃতিকারীদের আনাগোনা বিদ্যমান। এছাড়া খামারের পাশ্চাত্তী এলাকা অনেকটা উন্মুক্ত হওয়ায় এখানে স্বাভাবিক ভিত্তি বিদ্যমান। খামারটির দ্বিতল অফিস কাম ডরমেটরি ভবন, গার্ডসেড সম্পূর্ণ অকেজো। বেসরকারী খাতে লীজ থাকাকালীন সময়ে পুকুর পাড়ে লাগানো গাছপালার ছায়া এবং অতিরিক্ত পাতা (বিশেষ করে মেহগনি গাছের পাতা) পড়ার কারণে উৎপাদন মারাত্মকভাবে ব্যহত হয়।

খামারে উৎপাদন কার্যক্রম সুষ্ঠুভাবে চালানো সহ খামারটির পূর্ণমাত্রায় উৎপাদন ক্ষমতায় আনতে হলে অফিস ভবনের পাশাপাশি ইন্সপেকশন রুম, সীমানা প্রাচীর নির্মাণ, পুকুর গুলোতে পানি সরবরাহ লাইন, খামারে বিদ্যুতায়ন, রিটেইনিং ওয়াল নির্মাণ এবং গাছপালা পরিষ্কার করা একান্ত প্রয়োজন। উল্লেখ্য যে, বর্তমানে খামারটির দাপ্তরিক ০৫ টি পদের মধ্যে ০৩ টি পদই শূন্য। এমতাবস্থায়, খামারের উৎপাদন ঠিক রাখতে প্রয়োজনীয় জনবলও আবশ্যিক।